

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
এনসিএসটি সেল ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন

উপজেলা নির্বাহী অফিসার
বায়বহন সিরাজগঞ্জ।

স্মারক নং:- ৩৯.০০.০০০০.০৩৫.০২.০০৩.২০.৩৩

তারিখ: ৫ জ্যৈষ্ঠ ১৪২৯
১৯ মে ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান।

২০২২-২০২৩ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞানাগারে ব্যবহার্য কেমিক্যালস/যন্ত্রপাতি ক্রয়ের লক্ষ্য আর্থিক অনুদান প্রদানের উদ্দেশ্যে "বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবসমূহকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সাধারণ নীতিমালা, ২০১৯ (সংশোধিত)" অনুসারে দেশের বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্রে অনুদানের জন্য সর্বোচ্চ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত প্রস্তাব করা যাবে।

- ২। নীতিমালাসহ আবেদনপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ও আবেদন ফরম বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.most.gov.bd) পাওয়া যাবে।
- ৩। আবেদনের ক্ষেত্রে যে সকল শর্ত পালন করতে হবে:
 - ক. আর্থিক অনুদান প্রাপ্তির জন্য আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার (UNO)-এর প্রত্যয়ন নিতে হবে।
 - খ. অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কোন প্রকার ভৌত অবকাঠামো নির্মাণ বা নির্মাণ সামগ্রী ক্রয় করতে পারবে না;
 - গ. বাংলাদেশ সরকারের শিক্ষা বোর্ডসমূহের স্বীকৃতিপ্রাপ্ত (বিজ্ঞান বিভাগের) বিধিবদ্ধ সংস্থার রেজিস্ট্রেশন অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন থাকতে হবে; শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় থাকতে হবে;
 - ঘ. প্রতি অর্থবছরে নিয়মিত প্রকাশনা, সম্মেলন, সিম্পোজিয়াম, কর্মশালা বা প্রদর্শনীর আয়োজন সম্পর্কে তথ্যাদি পেশ করতে হবে;
 - ঙ. প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে এবং গঠনতন্ত্র অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত সভা অনুষ্ঠানের প্রমাণাদি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;
 - চ. শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে;
 - ছ. শিক্ষা প্রতিষ্ঠানের জন্য বাংলাদেশের যে কোন তপশিলি ব্যাংকে একটি চলতি হিসাব থাকতে হবে এবং মাসভিত্তিক গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফিকেট দাখিলের নিশ্চয়তা প্রদানসহ এ মর্মে একটি সমন্বিত/অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;
 - জ. শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অডিট রিপোর্টসহ বার্ষিক আয়-ব্যয় এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত সরকারি অনুদানের বিবরণী দাখিল করতে হবে; এবং
 - ঝ. বিগত সময়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে কোন অনুদান পাওয়া গেলে উক্ত অনুদানের ব্যয়-বিবরণী দাখিল করতে হবে।
- ৪। প্রাপ্ত অনুদানের অর্থ ব্যবহারের শর্তাবলি:
 - ক. অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কোন প্রকার ভৌত অবকাঠামো নির্মাণ বা নির্মাণ সামগ্রী ক্রয় করা যাবে না;
 - খ. অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি/সম্মানি প্রদান বা অফিস পরিচালনার জন্য ব্যয় নির্বাহ করা যাবে না;
 - গ. অনুদানের অর্থ দ্বারা শুধু বিজ্ঞানাগারে ব্যবহার্য কেমিক্যালস/যন্ত্রপাতি ক্রয় করা যাবে;
 - ঘ. অনুদানের অর্থ নির্দিষ্ট অর্থবছরের মধ্যে যথাযথভাবে ব্যবহারে অসমর্থ হলে মঞ্জুরিকৃত সম্পূর্ণ অর্থ অথবা আংশিক অব্যয়িত অর্থ ট্রেজারি চালানানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করে জমা প্রদানের রশিদ (ট্রেজারি রশিদের সমন্বিত-CTRসহ) মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।
 - ঙ. এ অর্থ ব্যয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ উল্লিখিত যাবতীয় বিধি-বিধান ও নিয়মকানুন যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং
 - চ. এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে কমপক্ষে ৩ (তিন) সদস্য বিশিষ্ট ক্রয় কমিটি গঠন করতে হবে।
- ৫। যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র (সংযুক্ত কাগজপত্রসহ) আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারী বরবার প্রেরণ করতে হবে। সংযুক্ত সকল কাগজপত্র ১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নীতিমালার সশ্চে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে।
- ৬। আবেদনের সশ্চে প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্র সংযুক্ত করা না হলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে।
- ৭। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।

রতন কুমার মন্ডল
উপসচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ভবন নং-৬ কক্ষ নং-৯১০ (দশম তলা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ফোন: ৯৫১৫৪৩৩
email: section35@most.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
এনসিএসটি সেল ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

বিষয়ঃ বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রদান সংক্রান্ত আবেদন ফরম।

১। বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্যাবলি:

ক. শিক্ষা প্রতিষ্ঠানের নাম:

খ. ঠিকানা:

গ. ফোন/মোবাইল নম্বর:

ঘ. ই-মেইল:

ঙ. অধিদপ্তর/শিক্ষা বোর্ড কর্তৃক Affiliation অনুমোদনের নম্বর ও তারিখ (সত্যায়িত ফটোকপিসহ):

২। প্রতিষ্ঠানে অনুদান গ্রহণের উদ্দেশ্য ও বিভাজনসহ পরিমাণ:

৩। ইতঃপূর্বে অত্র মন্ত্রণালয় হতে অনুদান গ্রহণ করলে অনুদান ব্যবহার সম্পর্কিত বিল ভাউচার সংযুক্ত করতে হবে:

৪। বিগত বছর পর্যন্ত এ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত অনুদানের অডিট প্রতিবেদন:

৫। বিগত অর্থবছরে প্রকাশিত গবেষণা পত্রিকা/জার্নাল এর বিবরণ (কপিসহ) (যদি থাকে):

৬। প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয়ের উৎস সম্পর্কিত তথ্য:

৭। ব্যাংকে গচ্ছিত অর্থ সম্পর্কিত তথ্য:

৮। বিগত অর্থবছরে অনুষ্ঠিত সেমিনার/সম্মেলন/সিম্পোজিয়াম/কর্মশালা এর (রিপোর্ট দাখিলসহ) তথ্য (যদি থাকে):

ক্রমিক নং	সেমিনার/সম্মেলন/সিম্পোজিয়াম/কর্মশালার বিবরণ	স্থান	তারিখ

আমি এ মর্মে প্রত্যয়ন করছি যে, উপরে বর্ণিত যেসব তথ্য পরিবেশিত হয়েছে তা আমার জানামতে সত্য। অনুদান প্রাপ্ত হলে যাবতীয় কার্যক্রম সমাপ্ত করে বিল ভাউচার ও ভ্যাট-ট্যাক্স চালানের মূলকপি যথাযসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করবো।

তারিখ:

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর
সিলমোহর